# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭১৯

পর্ব-১১: হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৪. প্রথম অনুচ্ছেদ - মক্কার হারামকে আল্লাহ তা‘আলা কর্তৃক সংরক্ষণ প্রসঙ্গে

بَابُ حَرَمِ مَكَّةَ حَرَسَهَا اللهُ تَعَالٰى

## আরবী

وَعَنْ جَابِرٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ يَوْمَ فَتْحِ مَكَّةَ وَعَلَيْهِ عمامةٌ سوْداءُ بِغَيْر إِحْرَام. رَوَاهُ مُسلم

## বাংলা

২৭১৯-[৫] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল ্াহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কা বিজয়ের দিন ইহরাম বাঁধা ছাড়াই মক্কায় প্রবেশ করেছিলেন তখন তাঁর মাথায় একটি কালো পাগড়ী ছিল। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১৩৫৮, আবূ দাঊদ ৪০৭৬, নাসায়ী ২৮৬৯, তিরমিযী ১৭৩৫, ইবনু মাজাহ ৩৫৮৫, আহমাদ ১৪৯০৪, দারিমী ১৯৮২, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৫৯৭৬, সহীহ ইবনু হিব্বান ৫৪২৫, শামায়িল ৯২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَعَلَيْهِ عِمَامَةٌ سَوْدَاءُ) ‘‘তার মাথায় ছিল কালো রং-এর পাগড়ী।’’

ইমাম নাবাবী (রহঃ) বলেনঃ অত্র হাদীস প্রমাণ করে যে, কালো রং-এর পোষাক পরিধান করা বৈধ। অন্য বর্ণনায় আছে- তাঁর মাথায় কালো পাগড়ী ছিল এমতাবস্থায় ভাষণ দিয়েছেন। এতে প্রমাণ পাওয়া যায় যে, কালো রং-এর পাগড়ী পরিধান করে খুৎবাহ্ তথা ভাষণ দেয়া বৈধ। যদিও সাদা পাগড়ী পরিধান করা উত্তম।

(بِغَيْرِ إِحْرَامٍ) ‘‘ইহরামবিহীন অবস্থায় (তিনি মক্কা প্রবেশ করেন)’’ হাদীসের এ অংশটুকু ইবনু দাক্বীক্ব আল ‘ঈদ-এর ঐ মত প্রত্যাখ্যান করে যে, তিনি ইহরাম অবস্থায় ছিলেন। কিন্তু ওযরের কারণে মাথায় শিরস্ত্রাণ (লোহার টুপি) পড়েছিলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57279

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন